# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ৩. ৮. ইয়েট (yet) বা 'এখনও' সংযোজন

যোহন ৭ অধ্যায়ে লেখেছেন যে, যীশুর ভাইরা তাঁকে বিশ্বাস করতেন না। কুটিরবাস ঈদের সময় তাঁরা তাঁকে বলেন, গ্রামে বসে কেরামতি দেখালে লোকে তোমাকে চিনবে কী করে? বরং ঈদের সময় জেরুজালেমে যেয়ে তোমার অলৌকিক কর্মগুলো দেখাও। তিনি উত্তরে বলেন, তোমরা যাও, আমি এ ঈদে যাব না। কিন্তু তাঁর ভাইরা যাওয়ার পরে তিনি গোপনে ঈদে যান। (যোহন ৭/২-১০)

কোনো কোনো পাণ্ডুলিপিতে 'আমি এ ঈদে যাব না' কথাটার মধ্যে 'এখনও' সংযোজন করা হয়েছে। কিং জেমস ভার্শনে এ শব্দটা সংযোজিত: "Go ye up unto this feast: I go not up yet unto this feast; for my time is not yet full come." "তোমরাই ঈদে যাও, আমি 'এখনও' এই ঈদে যাচ্ছি না, কেননা আমার সময় এখনও সম্পূর্ণ হয়নি।"

রিভাইজড স্টান্ডার্ড ভার্শনে প্রাচীনতম পাণ্ডুলিপিগুলোর উপর নির্ভর করে অনেক বিকৃতির মত এ বিকৃতিটাও সংশোধন করা হয়েছে এবং 'yet' শব্দটা বাদ দেওয়া হয়েছে। টীকায় বলা হয়েছে অন্যান্য পাণ্ডুলিপিতে এটা বিদ্যমান। RSV -এর পাঠ নিম্নরূপ: "Go to the feast yourselves; I am not going up to this feast, for my time has not yet fully come" "তোমরাই ঈদে যাও, আমি এই যাচ্ছি না, কেননা আমার সময় এখনও সম্পূর্ণ হয়নি।"

লক্ষণীয় যে, কেরি ও অন্যান্য বাংলা বাইবেলে সর্বদা রিভাইজড ভার্শন অনুসরণ করা হয়েছে, কিন্তু এ শ্লোকে 'এখনও' শব্দটা বাংলা অনুবাদে রেখে দেওয়া হয়েছে।

সকল সংস্করণে এর পরের দুটো শ্লোক (যোহন ৭/৯-১০) নিম্নরূপ: "তাদেরকে এই কথা বলে তিনি গালীলেই রইলেন। কিন্তু তাঁর ভাইয়েরা ঈদে গেলে পর তিনিও গেলেন, প্রকাশ্যরূপে নয়, কিন্তু এক প্রকার গোপনে।"

এ প্রসঙ্গে 'LiberalsLikeChrist.Org' ওয়েবসাইটে বলা হয়েছে:

"Jesus PREACHES : that you should answer a plain 'yes' or 'no', that his purpose is to bear witness to the truth, and that his testimony is true.  He equates lying with evil. Matt. 5:37, 15:19, Mark 7:22, John 8:14, 44, 14:6, 18:37. Jesus PRACTICES the OPPOSITE:  He tells his brothers that he is not going to Jerusalem for the feast of the tabernacles, then later goes secretly by himself.   (Note: The words "not yet" were added to some versions John 7:2-10 at John 7:8 in order to alleviate this problem.  However, the context at John 7:10 makes the deception clear.)"

"যীশু শিক্ষা দিয়েছেন, তোমার উচিত কারো প্রশ্নের উত্তরে সুস্পষ্ট ও সহজ 'হাঁ' অথবা 'না' বলা। তিনি আরো

বলেছেন যে, তাঁর উদ্দেশ্য সত্যের সাক্ষ্য প্রদান করা এবং তাঁর সাক্ষ্য সত্য। তিনি মিথ্যা বলাকে মহাপাপ ও শয়তানের সমতুল্য করেছেন। মথি ৫/৩৭, ১৫/১৯, মার্ক ৭/২২, যোহন ৮/১৪, ৪৪, ১৪/৬, ১৮/৩৭। কিন্তু বাস্তবায়ন করেছেন এর ঠিক বিপরীত: তাঁর ভাইদেরকে তিনি বলেন যে, তিনি সে কুটীরবাস ঈদে জেরুজালেমে যাচ্ছেন না, পরে তিনি গোপনে নিজেই সেখানে গমন করেন। (দ্রষ্টব্য: 'যোহনের ৭/২-১০-এর মধ্যে ৭/৮ শ্লোকে কোনো কোনো সংস্করণে 'এখনো না' সংযোজন করা হয়েছে এ সমস্যাকে লাঘব করার জন্য। সর্বাবস্থায় যোহন ৭/১০ শ্লোকের বক্তব্য এ প্রবঞ্চনা প্রকাশ করে দিচ্ছে।)"[1]

## ফুটনোট

[1] http://LiberalsLikeChrist.Org/inerrancy.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14236

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন